



## ইসলামিক ফাউন্ডেশন

বায়তুল মোকাররম, ঢাকা-১০০০

### প্রেস বিজ্ঞপ্তি

## ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে চলছে মাসব্যাপী ইসলামী বইমেলা

ঢাকা, ৬ ডিসেম্বর, বুধবার ২০১৭ ৥

ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৩৯ হিজরি উপলক্ষে চলছে ইসলামী বইমেলা। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ চত্বরে আয়োজিত এ মেলা সারা ডিসেম্বর মাসব্যাপী চলবে। গত ১ ডিসেম্বর শুক্রবার ধর্মসচিব মোঃ আনিছুর রহমান মাসব্যাপী এ বইমেলার উদ্বোধন করেন। মেলা প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে রাত ৮.০০টা পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে। এবারের মেলায় ৬১টি স্টল অংশগ্রহণ করেছে। মেলায় পবিত্র কুরআনের অনুবাদ, তাফসীর, হাদিসগ্রন্থসহ ইসলামের বিভিন্ন বিষয়ের ওপর মৌলিক ও গবেষণামূলক গ্রন্থ স্থান পেয়েছে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬